দৈনিক জনকণ্ঠ

তারিখ JUL 22 1999
পৃষ্ঠা ১ কলাম ৮

4

## শিক্ষক সমিতি ফেডারেশনের জাতীয় প্রতিনিধি সভা আজ

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের জাতীয় প্রতিনিধি সভা আজ বৃহস্পতিবার বিকাল তিনটায় ঢাকায় ধানমণ্ডি সরকারী বালক উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। শিক্ষাক্ষেত্রে সমন্বিত উন্নয়ন সংক্রান্ত ১৫ দফা এবং পাবলিক পরীক্ষায় নকল প্রতিরোধের জন্য সাত দফা সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যে এ সভা হবে।-বিজ্ঞপ্তি।

## প্রাথমিক স্কুলগুলো অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেওয়ার হুমকি

**কাগজ প্রতিবেদক :** বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা অবিলম্বে সরকারি শিক্ষকদের সঙ্গে তাদের বেতন-ভাতার বৈষম্য দূর করাসহ ৬ দফা দাবি অবিলম্বে মেনে নেওয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। তা না হলে শিক্ষকরা আগামী ৩ অক্টোবর থেকে সারা দেশের বেসরকারি প্রাথমিক স্কুল অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেওয়ার হুমকি দিয়েছেন।

বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি গতকাল বুধবার জাতীয় প্রেসক্লাবে সংবাদ সম্মেলনে তাদের দাবি-দাওয়ার কথা জানান। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সংগঠনের উপদেষ্টা তোফাজ্জেল হোসেন বাবু, ভারপ্রাপ্ত সভাপতি গোলাম মোহাম্মদ, মহাসচিব মুনছুর আলী প্রমুখ।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে সংগঠনের ৬ দফা দাবি পেশ করা হয়। দাবিগুলোর মধ্যে রয়েছে সকল বেসরকারি রেজিঃ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের চাকরি সরকারিকরণ, কল্যাণ ট্রাস্ট কার্যকর করা, শিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষা বিষয়ক কমিটিতে সমিতির প্রতিনিধি নিয়োগ ইত্যাদি।

শিক্ষক নেতৃবৃন্দ বলেন, প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় সরকারি ও বেসরকারি স্কুল শিক্ষকদের দায়িত্ব ও কর্তব্য একই নিয়ম পদ্ধতিতে চলছে। অথচ সরকারি ও বেসরকারি প্রাথমিক স্কুল শিক্ষকদের বেতন বৈষম্য অনেক বেশি। শিক্ষকরা বলেন, চলতি অর্থবাজেটে একজন সরকারি স্কুলের শিক্ষক বেতন পাবেন আনুষঙ্গিক সুবিধাসহ ২ হাজার ৬৮৭ টাকা। অথচ বেসরকারি শিক্ষকদের বেতন মাত্র ১ হাজার ৬২৫ টাকা। তারা বলেন, সরকারের কাছে এ ব্যাপারে দাবিদাওয়া করেও কোনো কাজ হচ্ছে না। সরকার নীরবতা পালন করে শিক্ষকদের আন্দোলনের দিকে ঠেলে দিচ্ছে।

শিক্ষক নেতৃবৃন্দ সংবাদ সম্মেলনে আগামী ২৬ জুলাই থেকে সারা দেশে বেসরকারি প্রাথমিক শিক্ষকদের আন্দোলনের বিভিন্ন কর্মসূচি ঘোষণা করেন।